



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

২০ সেপ্টেম্বর ২০২৩

বাউবিতে “কিওয়ার্ডের ক্রম গুরুত্ব: মানসম্পন্ন গবেষণা ও দ্রুত প্রকাশনায় সহায়ক পদ্ধতি” শীর্ষক সেমিনার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের আয়োজনে ও স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি এর প্রস্তাবনায় “কিওয়ার্ডের ক্রম গুরুত্ব: মানসম্পন্ন গবেষণা ও দ্রুত প্রকাশনায় সহায়ক পদ্ধতি” শীর্ষক সেমিনার ২০ সেপ্টেম্বর ২০২৩ বুধবার গাজীপুরস্থ ক্যাম্পাসে বঙ্গমাতা বেগম ফজিলাতুলেছা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়।



সেমিনারে বক্তব্য রাখছেন রিসোর্সপার্সন অধ্যাপক ড. মো: কামাল উদ্দিন

সেমিনারে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। রিসোর্সপার্সন হিসেবে উপস্থিত ছিলেন মালয়েশিয়ার পুত্রা বিশ্ববিদ্যালয়ের ভূমি ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো: কামাল উদ্দিন।

ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের পরিচালক অধ্যাপক মো: আনোয়ারুল ইসলামের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল। ধন্যবাদ জ্ঞাপন করেন রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম। অনুষ্ঠান সঞ্চালনা করেন স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি সহযোগী অধ্যাপক ড. মামুনুর রশিদ। এছাড়াও সেমিনারে বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা ও এমফিল/পিএইচডি প্রোগ্রামের শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)